



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 26 SEPTEMBER 2026, SATURDAY | ২৬ সেপ্টেম্বর ২০২৬, শনিবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-293

বিকশিত ভারত ২০৪৭ এর সাথে বিকশিত গ্রাম পঞ্চায়েত গঠনের লক্ষ্যে এক দিবসীয় কর্মশালা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ সেপ্টেম্বর : বিকশিত ভারত ২০৪৭ এর সাথে সামঞ্জস্য রেখে বিকশিত গ্রাম পঞ্চায়েত গঠনের লক্ষ্যে কলকাতা নিউটাউনে বিশ্ব কনভেনশন সেন্টারে শুক্রবার আয়োজিত হয় এক দিবসীয় কর্মশালা। উপস্থিত ছিলেন রাজ্যের গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ ,সমস্ত জেলায় গ্রামোন্নয়নের দায়িত্বে থাকা অতিরিক্ত জেলাশাসক গন সহ গ্রামোন্নয়ন দপ্তরের অধিকারিকগণ। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ জানান কর্মশালায় দিন ভর প্রশিক্ষণ লে। পঞ্চায়েত স্তরে ভি ভি জি রামজি সংক্রান্ত কাজের মাধ্যমে গ্রাম পঞ্চায়েতগুলিকে আরও উন্নত করে তোলার লক্ষ্যে এই কর্মসূচি। এদিন কর্মশালায় মোট ৩৭৫ টি প্রকল্প নিয়ে আলোচনা হয় যাতে এগুলির সঠিক প্রয়োগের মাধ্যমে গ্রামবাংলাকে সোনার বাংলায় পরিণত করা যায়। গ্রামীণ কর্মসংস্থান বৃদ্ধি ,গ্রাম পঞ্চায়েত গুলিকে স্বাবলম্বী করতে স্থায়ী সম্পদ তৈরি প্রভৃতির উপর জোর দেওয়া হয় যাতে গ্রাম পঞ্চায়েতের আয় বৃদ্ধির সাথে সাথে রাজ্যের রাজস্ব আয় বৃদ্ধি পায় এবং স্থানীয় মানুষদের আর্থ সামাজিক উন্নতি ঘটে।

রাজ্যের শ্রম মন্ত্রী অর্জুন সিং চা বাগান নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন শিলিগুড়িতে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৫ সেপ্টেম্বর : শিলিগুড়ির দাগাপুরে শ্রমিক ভবনে শুক্রবার রাজ্যের শ্রম মন্ত্রী অর্জুন সিং উত্তরবঙ্গের চা বাগান গুলি নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্ত, রাজ্যের অর্থ ও পরিবহন দপ্তরের প্রতিমন্ত্রী আনন্দময় বর্মণ,স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক প্রতিমন্ত্রী বিশাল লামা, চা বাগান কর্তৃপক্ষের প্রতিনিধিগণ, শ্রমিক সংগঠনের প্রতিনিধিগণ ও শ্রম দপ্তরের অধিকারিকগণ। জানা গেছে বন্ধ চা বাগান দ্রুত খোলা,চা শ্রমিকদের শতকরা কুড়ি টাকা হারে পুজো বোনাস প্রদান, বিভিন্ন বাগানে শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড ও কর্মচারী বীমার টাকা জমা না দেওয়া,শ্রমিকদের পাওনা না মিটিয়ে বাগান ছেড়ে মালিকপক্ষের চলে যাওয়া এসব অভিযোগ নিয়ে কড়া পদক্ষেপ গ্রহণের জন্য আলোচনা হয়। বন্ধ চা বাগান গুলি থেকে কাঁচা চাপাতা তুলে বিক্রি করে দেওয়া হচ্ছে এই অভিযোগের বিরুদ্ধেও কড়া পদক্ষেপ গ্রহণের বার্তা দেওয়া হয়েছে। চা বাগান গুলিকে পুনরুজ্জীবিত করতে নতুন উদ্যোক্তাদের সুযোগ দেওয়া যেতে পারে তবে এক্ষেত্রে তাদের কিছু শর্ত মানতে হবে বলে মন্তব্য করেন মন্ত্রী অর্জুন সিং।

রাজ্যের পর্যটন শিল্পে একশ কোটি টাকা বিনিয়োগ এর পরিকল্পনা রয়েছে বলে জানালেন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ সেপ্টেম্বর : সাতাশে সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস। এই দিনটিকে সামনে রেখে পশ্চিমবঙ্গে প্রথম আয়োজিত হতে চলেছে বেঙ্গল ইনভেস্টরস সামিট। রাজ্য সরকারের পর্যটন দপ্তরের উদ্যোগে এই সামিট বা কনফারেন্স বসছে কলকাতার তাজ বেঙ্গলের দ্য বেঙ্গল কন্সটাল রুমে। উদ্যেশ্য রাজ্যের পর্যটনে বড়ো বিনিয়োগ টানা। রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান এই কনফারেন্সে রাজ্যের পর্যটন ক্ষেত্রে নতুন বিনিয়োগ এর ঘোষণা হতে পারে। রাজ্যের পর্যটন শিল্পে একশ কোটি টাকা বিনিয়োগ এর পরিকল্পনা রয়েছে এমন শিল্প গোষ্ঠীর প্রতিনিধিদেরই এই সম্মেলনে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হয়েছে। সম্মেলনে তিনজন বিদেশী বিনিয়োগকারীর অংশ গ্রহণের সম্ভাবনা আছে। মন্ত্রী আরও জানান “পর্যটন দপ্তরের লক্ষ্য রাজ্যে পর্যটনের বিপুল সম্ভাবনায় বিনিয়োগের মাধ্যমে শিল্পে রূপান্তর করা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।” পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ আরও জানান তাদের ভিশন হলো সম্ভাবনা থেকে বিনিয়োগ এবং বিনিয়োগ থেকে কর্মসংস্থান। তিনি আরও জানান আগামীদিনে পর্যটনকে রাজ্যের রাজস্ব আয় ও কর্মসংস্থানের অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্র গড়ে তোলার লক্ষ্যে সাতাশে সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবসে এই সামিট বা কনফারেন্স এর আয়োজন করা হচ্ছে। ইতিমধ্যেই রাজ্য পর্যটন দপ্তর পর্যটনের উন্নয়ন এর লক্ষ্যে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করেছে।

বিদ্যালয় পরিদর্শন কালে ছোট শিশুদের যথেষ্ট আত্মবিশ্বাসী ও প্রতিভা সম্পন্ন বলে মন্তব্য করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৫ সেপ্টেম্বর : আজ ৪৮ জি. জি বোস রোড -এর কেএমসিপি বিদ্যালয় পরিদর্শনের সময় ছোট শিশুদের মধ্যে আত্মবিশ্বাসী মনোভাব ও প্রতিভা দেখে আশুত পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল এবং তিনি বললেন এদের সাথে কিছুটা সময় কাটিয়ে তিনি সমৃদ্ধ হলেন যেটা সত্যিই তাঁর মন ছুঁয়ে গেছে। এরপর তিনি বলেন , “ছোট শিশুরা আমার সামনে সুন্দর করে কবিতা বলে শোনালো। মন দিয়ে ওদের আবৃত্তি শুনলাম ,আর শেষে তাদেরই সহপাঠীদের করতালিতে মুহূর্তটা আরও সুন্দর হয়ে উঠল। আমি মুগ্ধ।”

ডাকাতির ছক বানচাল, গ্রেফতার ৬, উদ্ধার লক্ষ্যে গুঁড়ো অস্ত্র



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে আলিপুরদুয়ারের চৈচাখোতা এলাকা থেকে ছয়জনকে গ্রেফতার করল আলিপুরদুয়ার জংশন পুলিশ আউট পোস্ট। পুলিশের অভিযানে ধৃতদের কাছ থেকে একাধিক ধারালো অস্ত্র, লক্ষ্যের গুঁড়ো এবং রশি উদ্ধার হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, আলিপুরদুয়ার জংশন চৈচাখোতা এলাকায় কয়েকজন যুবককে সন্দেহজনকভাবে জড়ো হতে দেখা যায়। তাদের গতিবিধি নিয়ে সন্দেহ হওয়ায় আলিপুরদুয়ার জংশন পুলিশ আউট পোস্টের ওসি সোনা লামার নেতৃত্বে পুলিশ অভিযান চালায়। অভিযানে ঘটনাস্থল থেকে ছয়জনকে আটক করা হয়। পরবর্তীতে তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে একাধিক ধারালো অস্ত্র, লক্ষ্যের গুঁড়ো এবং রশি উদ্ধার করা হয়। ধৃতদের নাম দ্বীপজয় বর্মণ (১৯), প্রেম মোহন্ত (৩০), দীপক মুন্ডা (২৬), প্রতীক মোদক (৩১), পরিতোষ দে (৩১) এবং বিজু দাস (২৬)। পুলিশের প্রাথমিক অনুমান, কোনও অপরাধমূলক উদ্দেশ্য নিয়েই তারা সেখানে জড়ো হয়েছিল। উদ্ধার হওয়া সামগ্রী ঘিরে তদন্তকারীদের সন্দেহ আরও জোরালো হয়েছে। ঘটনার পর ধৃতদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা (BNS)-এর ৩১০(৪) ও ৩১০(৫) ধারায় মামলা রুজু করা হয়েছে। তদন্তের স্বার্থে ধৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তাদের সঙ্গে আরও কেউ যুক্ত ছিল কি না, কিংবা কোনও নির্দিষ্ট ডাকাতির পরিকল্পনা করা হয়েছিল কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। পুলিশি তৎপরতায় বড় ধরনের অপরাধ সংঘটিত হওয়ার আগেই পরিকল্পনা ভেঙে দেওয়া সম্ভব হয়েছে বলে জানা গিয়েছে। শুক্রবার ধৃত ছয়জনকে আলিপুরদুয়ার আদালতে পেশ করা হয়। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে আলিপুরদুয়ার জংশন পুলিশ আউট পোস্টের পুলিশ।

২৫ হাজার ভোল্টের লাইনে মহিলা, অগ্নির জন্য রক্ষা প্রাণ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জংশন স্টেশন চত্বরে রেলের ২৫ হাজার ভোল্টের বৈদ্যুতিক ওভারহেড লাইনের উপরে উঠে পড়লেন এক মহিলা। ঘটনাকে ঘিরে মুহূর্তের মধ্যে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে স্টেশন চত্বরে। তবে পরিস্থিতি বুঝে দ্রুত তৎপর হন রেলকর্মী ও আরপিএফের সদস্যরা। ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা মহিলাকে নিরাপদে নামিয়ে এনে অ্যাম্বুলেন্সের মাধ্যমে রেলওয়ে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করা হয়। তাঁদের তাৎক্ষণিক তৎপরতায় বড় ধরনের বিপদ এড়ানো সম্ভব হয়েছে। তবে ঘটনাটি সামনে আসতেই রেলের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে উঠছে একাধিক প্রশ্ন। কড়া নজরদারি ও নিরাপত্তার ব্যবস্থা থাকা সত্ত্বেও কীভাবে ওই মহিলা এতটা সংবেদনশীল এলাকায় পৌঁছলেন? সিসিটিভি নজরদারি, প্রবেশ নিয়ন্ত্রণ এবং সংশ্লিষ্ট নিরাপত্তাকর্মীদের তৎপরতা—সবকিছুই এখন খতিয়ে দেখার দাবি উঠছে। একদিকে রেলকর্মী ও আরপিএফের দ্রুত পদক্ষেপ প্রশংসনীয়, অন্যদিকে এই ঘটনা ভবিষ্যতে আরও বড় দুর্ঘটনা এড়াতে স্টেশনের নিরাপত্তা ও নজরদারি ব্যবস্থা নতুন করে পর্যালোচনার প্রয়োজনীয়তাও স্পষ্ট করে দিল। এখন দেখার বিষয়, ঘটনার তদন্তে নিরাপত্তার কোনও ফাঁক সামনে আসে কি না এবং তা রুখতে রেল কর্তৃপক্ষ কী পদক্ষেপ গ্রহণ করে।

৭৭৪৬ জন শ্রমিক ফাউলাই ভাতা পাবেন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : পুজোর মুখে উত্তরবঙ্গের বন্ধ চা বাগানের শ্রমিকদের জন্য বড় ঘোষণা রাজ্য সরকারের। রাজ্য শ্রম দপ্তরের ২২ সেপ্টেম্বর ২০২৬-এর বিজ্ঞপ্তি অনুযায়ী, উত্তরবঙ্গের আটটি বন্ধ চা বাগানের শ্রমিকদের ফাউলাই ভাতার আওতায় আনা হয়েছে। এর ফলে সংশ্লিষ্ট বাগানের প্রায় ৭,৭৪৬ জন স্থায়ী শ্রমিক মাসে ১,৫০০ টাকা করে আর্থিক সহায়তা পাবেন। ফাউলাই ভাতার আওতায় আসা আটটি বন্ধ চা বাগানের মধ্যে রয়েছে দার্জিলিং জেলার সিংটম ও পেশক, আলিপুরদুয়ার জেলার বান্দাপানি, রায়মাটাং ও কালচিনি এবং জলপাইগুড়ি জেলার আমবাড়ি, রেডব্যাক্স ও সুরেন্দ্রনগর চা বাগান। সংশ্লিষ্ট চা বাগানগুলি ২০২৪-২৫ সালে বিভিন্ন সময়ে বন্ধ হয়ে যায়। শ্রম দপ্তরের বিজ্ঞপ্তি প্রকাশের পর ইতিমধ্যেই বন্ধ চা বাগানগুলিতে ফাউলাই ভাতার জন্য শ্রমিকদের ফর্ম পূরণের কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন ধরে বাগান বন্ধ থাকায় আর্থিক সমস্যার মধ্যে রয়েছেন বহু শ্রমিক ও তাঁদের পরিবার। এই পরিস্থিতিতে মাসিক ১,৫০০ টাকা আর্থিক সহায়তা পাওয়ার খবরে শ্রমিকদের মধ্যে খুশির হাওয়া ছড়িয়েছে। পুজোর আগে রাজ্য সরকারের এই সিদ্ধান্ত বন্ধ চা বাগানের শ্রমিকদের জন্য কিছুটা হলেও আর্থিক স্বস্তি নিয়ে আসবে বলে মনে করছেন বন্ধ চা বাগানের শ্রমিকরা। এই বিষয়ে সরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা জানান পূর্বের সরকার চা শ্রমিকদের বঞ্চিত করেছে। বাগান বন্ধ থাকলেও সেগুলো কে খোলা দেখানো হয়েছে।

বিপুল পরিমাণ মদ সহ গ্রেফতার ধাবার মালিক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : ২৭ নম্বর জাতীয় সড়কের পূর্ব চেপানী এলাকায় কল্যাণ ধাবা নামে একটি ধাবা থেকে বিপুল পরিমাণ মদ উদ্ধার করলো পুলিশ। শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ওসি মিলন বর্মন জানিয়েছেন ধাবার মালিক কে গ্রেফতার করা হয়েছে শনিবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হবে। গোপন খবরের ভিত্তিতে এদিন ধাবায় অভিযান চালায় পুলিশ। কল্যাণ দেবনাথ নামে ধাবার মালিককে গ্রেফতার করা হয়। পুলিশ জানিয়েছে ১০৩ বোতল বিভিন্ন ধরনের মদ পাওয়া গেছে তার ভাবা থেকে। আইনি প্রক্রিয়া মেনে তার বিরুদ্ধে মামলা শুরু করেছে পুলিশ। এদিকে একের পর এক অভিযান চালাচ্ছে পুলিশ জাতীয় সড়কের পাশে থাকা ধাবাগুলিতে। প্রশ্ন উঠেছে এই ধাপাগুলিতে কোথা থেকে এত মদ আসছে ? যদিও এর উত্তর পাওয়া যায়নি পুলিশের কাছ থেকে তবে আমজনতার মুখ থেকে জানা গেছে জাতীয় সড়কের পাশেই ভাটিখানা রয়েছে। ভাটিখানা থেকেই কি তাহলে মদগুলি নিয়ে আসছেন ধাবার মালিকরা ?

ভয়াবহ পথ দুর্ঘটনা জাতীয় সড়কে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার জাতীয় সড়কে ফের ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক বাইক আরোহীর। ঘটনাটি ঘটেছে কালচিনি ব্লকের বানিয়া নদী সংলগ্ন ৩১ নম্বর জাতীয় সড়কে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত যুবকের নাম টাকার হাকুম সে একজন রাইডার, বাইকে করে লাদাখ থেকে ভ্রমণ করে আসামের দিকে যাচ্ছিল। বানিয়া নদী সংলগ্ন জাতীয় সড়কে পৌঁছানোর পর কোনও একটি গাড়ির সঙ্গে তাঁর বাইকের সংঘর্ষ হয়। সংঘর্ষের জেরে বাইক থেকে ছিটকে পড়ে গুরুতর আহত হন ওই যুবক। দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাঁকে উদ্ধার করেন। পরে গুরুতর আহত অবস্থায় তাঁকে কালচিনির উত্তর লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকেরা পরীক্ষা করে তাঁকে মৃত বলে ঘোষণা করেন। দুর্ঘটনায় মৃত যুবকের দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হচ্ছে বলে জানা গিয়েছে। দুর্ঘটনায় জড়িত গাড়ি ও ঘটনার সঠিক কারণ খতিয়ে দেখছেন পুলিশ।

বিলাসবহুল গাড়িতে মোষ পাচার রুখল বারবিশা ফাঁড়ির পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ সেপ্টেম্বর : বিলাসবহুল গাড়িতে অভিনব কায়দায় মোষ পাচারের ঘটনায় চালককে গ্রেফতার করল বারবিশা ফাঁড়ির পুলিশ। শুক্রবার কুমারগ্রাম ব্লকের পশ্চিম চকচকা এলাকায় রায়ডাক-২ নম্বর নদীর সেতু সংলগ্ন নাকা পয়েন্টে তল্লাশি চালিয়ে গাড়ি থেকে চারটি মোষ উদ্ধার করা হয়। গ্রেফতার হওয়া চালকের নাম রাকিবুল শেখ। তিনি অসমের বাসিন্দা বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অন্যান্য দিনের মতো শুক্রবার নাকা পয়েন্টে তল্লাশি চালাচ্ছিল পুলিশ। সেই সময় একটি বিলাসবহুল গাড়িকে দেখে সন্দেহ হয় পুলিশকর্মীদের। গাড়িটি থামিয়ে তল্লাশি চালাতেই ভিতরে মোষগুলিকে দেখতে পান তাঁরা। এরপর চারটি মোষ উদ্ধার করা হয়। মোষ পরিবহণের প্রয়োজনীয় বৈধ নথিপত্র দেখাতে না পারায় গাড়িটি আটক করা হয়। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, উদ্ধার হওয়া মোষগুলিকে অসমে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছিল। ঘটনায় গাড়ি-সহ চারটি মোষ বাজেয়াপ্ত করেছে পুলিশ। পাশাপাশি চালক রাকিবুল শেখকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ শুরু করা হয়। পরে ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হলে বিচারক তাঁকে জেল হেপাজতে পাঠানোর নির্দেশ দেন। মোষগুলি কোথা থেকে আনা হয়েছিল এবং এই পাচারের সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে বারবিশা ফাঁড়ির পুলিশ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL